বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং: ১৪/২০২৪

তারিখ: ৩০ মাঘ ১৪৩০ / ১৩ ফেব্রুয়ারি ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের ঢাকাস্থ মতিঝিল অফিসের জন্য **'ইমাম' এবং 'মুয়াজ্জিন'** পদে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

পদ	জাতীয় বেতন স্কেল, ২০১৫	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়সসীমা (১৩/০২/২০২৪ তারিখে)
ইমাম ০১ জন (১০ম গ্রেড)	টাকা ১৬০০০ - ৩৮৬৪০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	ক. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী অথবা কোনো কওমি মাদ্রাসা হতে দাওরায়ে হাদিস অথবা কোনো বিশ্ববিদ্যালয় হতে ইসলামিক স্টাডিজ/আরবি বিষয়ে দ্বিতীয় শ্রেণির মাস্টার্স ডিগ্রী; খ. কোনো প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং গ. হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	অনূর্ধ্ব ৩৫ বছর। (বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)
মুয়াজ্জিন ০১ জন (১৬তম গ্রেড)	টাকা ৯৩০০ - ২২৪৯০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	ক. দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমি শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী; খ. সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা এবং গ. ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত।	সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২১ হতে ৩০ বছর; মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২১ হতে ৩২ বছর। (বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)

১) আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১২/০৩/২০২৪ তারিখের মধ্যে শুধু বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। যাদের ১২/০৩/২০২৪ তারিখ বা তৎপূর্বে যাচিত শিক্ষাগত যোগ্যতার ডিগ্রীর ফলাফল প্রকাশিত হয়েছে/হবে তারাই আবেদনের যোগ্য হবেন।

২) বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ যাদের CV রয়েছে, তাঁরা তাঁদের উক্ত CV এর মাধ্যমে আবেদন করবেন। প্রার্থীর নাম এবং পিতা ও মাতার নাম এস.এস.সি/সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে। নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/আপডেট করে নিতে হবে। যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রে অসামঞ্জস্য/ভুল তথ্য থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

৩) আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী উপরে উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

চলমান পাতা/০২

৪) অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

৫) পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোডের জন্য একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আবেদন যাচাই বাছাই শেষে যোগ্য প্রার্থীদের উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। যারা নির্ধারিত সময়ে প্রবেশপত্র ডাউনলোড করবেন শুধু তারাই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। নির্ধারিত সময়ের পর প্রবেশপত্র ডাউনলোডের কোনো সুযোগ থাকবেনা।

৬) প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা এবং/অথবা লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৭) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো দলিলাদি প্রেরণ করতে হবে না। প্রিলিমিনারি পরীক্ষা এবং/অথবা লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত হতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৮) চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

৯) আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

১০) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১১) কোনো ক্ষেত্রে দলিলাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১২) আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

১৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করা অথবা নিয়োগ প্রক্রিয়া যে কোনো পর্যায়ে বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(হুসনে আরা শিখা)
পরিচালক(এইচআরডি-১)